## সেনাকুঞ্জ বুকিং এর নিয়মাবলী

১। **সেনাকুঞ্জের ব্যবহার**। অসম্পুর্ন বা অসত্য তথ্য আবেদনপত্রে উল্লেখ করলে অথবা সেনাকুঞ্জের বুকিং নির্দেশাবলী লংঘিত হলে সেনাসদর, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, সেনাকুঞ্জ ব্যবহার যে কোন মুহূর্তে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২। **বিদেশী অতিথিদের আমন্ত্রণ**।হল ব্যবহারকারী বিদেশী মেহমান আপ্যায়ণ নিরুৎসাহিত করবেন। যদি একান্তই বিদেশী মেহমান আপ্যায়ন আবশ্যক হয়ে পড়ে সেক্ষেত্রে ব্যবহারকারী প্রত্যেক বিদেশী অতিথির জন্য ০৩ (তিন) কপি জীবন বৃত্তান্ত ফরম (সেনাকুঞ্জ হতে সংগ্রহ পূর্বক) পুরণ করতঃ পাসপোর্ট সাইজ ছবিসহ অতিথির পাসপোর্টের ফটোকপি (পরিচিতি ও ভিসার পাতা) সহ কমপক্ষে অনুষ্ঠানের ০৪ (চার) সপ্তাহ (২৮ দিন) পূর্বে সেনাকুঞ্জ অফিসে অবশ্যই জমা দিতে হবে। বর্ণিত অতিথিদের মধ্যে কারো ডিজিএফআই কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা না হলে, তিনি উক্ত অনুষ্ঠানে অংশ গ্রহন করতে পারবে না। সেনাকুঞ্জ ব্যবহারকারী ইহা নিশ্চিত করবেন।

৩। **রাজনৈতিক অতিথিদের আমন্ত্রণ**। রাজনৈতিক ব্যক্তিবর্গের ক্ষেত্রে নাম, রাজনৈতিক পরিচয়, ঠিকানা এবং সম্পর্ক উল্লেখ পুর্বক অতিথিদের কপি তালিকা অনুষ্ঠানের কমপক্ষে ০৪ (চার) সপ্তাহ পূর্বে প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র গ্রহনের নিমিত্তে সেনাকুঞ্জে প্রদান করবেন।

৪। **সেনাকুঞ্জ ব্যবহারের সময় সীমা ও অতিরিক্ত সময়**।**সেনাকুঞ্জ ১৭০০ ঘটিকা হতে ২৩০০ ঘটিকার পর্যন্ত ব্যবহার করা যাবে।** বর্ণিত সময়ের পর অতিরিক্ত এক ঘন্টার জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অতিরিক্ত চার্জ প্রদান করতে হবে। রাত ২৪০০ ঘটিকায় লাইট অফ করে দেয়া হবে।

৫। **সেনাকুঞ্জ বুকিং বাতিল/তারিখ পরিবর্তন**।

ক। ৪৫ দিন পূর্বে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ২৫% কর্তন করা হবে।

খ। ৪৪-৩১ দিন পূর্বে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৩০% কর্তন করা হবে।

গ। ৩০-০৮ দিন পূর্বে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৫০% কর্তন করা হবে।

ঘ। ০৭ দিন অথবা তার কম সময়ে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৭০% কর্তন করা হবে।

ঙ। তারিখ পরিবর্তনের ক্ষেত্রে ৪৫ দিনের অধিক সময়ের জন্য শতকরা ২০%, ৪৪-৩১ দিন শতকরা ২৫%, ৩০-০৮ দিন শতকরা ৪৫% এবং ০৭ দিনের কম ৬০% সার্ভিস চার্জ জমা করতে হবে।

৬। **দেয়াল ও সিলিং সংরক্ষণ**। সেনাকুঞ্জের দেয়ালে তাঁরকাটাসহ কোন কিছু স্থাপন করা যাবে না। কোন সিলিং স্থাপন করা যাবে না, এ ছাড়াও হলরুমের ক্ষতি হয় এমন কিছু করা যাবে না।

৭। **ট্রাফিক নিয়ন্ত্রণ**। সেনাকুঞ্জে বিশেষ অনুষ্ঠানাদিতে ট্রাফিক নিয়ন্ত্রনের জন্য অত্র সদর দপ্তরের পূর্বানুমতিক্রমে কেবলমাত্র অস্ত্রবিহীন ট্রাফিক পুলিশ নিজ উদ্যোগে নিয়োগ করা যেতে পারে। কোন অবস্থাতেই বেসরকারী অথবা ব্যক্তি মালিকানাধীন গার্ড নিয়োগ করা যাবে না। এ ব্যাপারে স্থানীয় মিলিটারি পুলিশের সাথে (আর্মি এম পি ইউনিট) পুর্বেই সমন্বয় সাধন করতে হবে।

৮। **যানবাহনের ধরন, অনুমতি, ব্যবহার ও পার্কিং**।বেসামরিক ট্রাক, বাস, মাইক্রোবাস, কোষ্টার এবং পিকআপ, সেনানিবাসে প্রবেশের জন্য ষ্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস হতে পূর্বানুমতি/পাশ গ্রহণ করতে হবে। অনুষ্ঠান উপলক্ষে রঙ্গিন গ্লাসযুক্ত এবং হলুদ প্লেটযুক্ত কোন গাড়ী সেনানিবাসে প্রবেশ করতে পারবে না। নির্ধারিত এলাকায় পার্কিং করতে হবে। সেনানিবাসের অন্য কোন এলাকায় গাড়ী পার্কিং করা যাবে না।

৯। **লন ব্যবহার**।সেনাকুঞ্জের সম্মুখস্থ লনে (সবুজ চত্বরে) সামিয়ানা/ষ্টেজ (ষ্টেজের সামনের অংশ ভাড়ার আওতাভুক্ত) ঘের/বেড়া ব্যবহার করলে সামরিক বাহিনীতে কর্মরত/অবসর প্রাপ্ত/সামরিক বাহিনীতে কর্মরত বেসামরিক গ্রাহকদের জন্য প্রতিবর্গ ফুট ৫/- টাকা এবং বেসামরিক গ্রাহকদের জন্য ২০/-টাকা হারে অর্থপরিশোধ পূর্বক ব্যবহার করতে পারবেন।

১০। **আতশ বাজি/ঘোড়ার গাড়ী ও হাতির ব্যবহার**। সেনাকুঞ্জে অনুষ্ঠানে কোন প্রকার আতশ বাজি ফুটানো হাতি/ঘোড়া/গরুর গাড়ী ব্যবহার করা যাবে না (অনুমতি সাপেক্ষে সেনামালঞ্চের গেইট দিয়ে প্রবেশ করতঃ শুধু রাস্তায় হাতি/ঘোড়া গরুর গাড়ী ব্যবহার করা যাবে)।

১১। **ব্যান্ড ব্যবহার**। সেনাকুঞ্জে যে কোন অনুষ্ঠানে ব্যান্ড পার্টি ব্যবহার করতে হলে পুর্বানুমতি গ্রহণ করতে হবে এবং সেনা ব্যান্ডের জন্য নিয়মানুযায়ী সেনাসদর প্রশাসনিক শাখার সাথে যোগাযোগ সাপেক্ষে ব্যান্ড ব্যবহার করা যাবে (উল্লেখ্য যে, নামাজের সময় ২০ মিনিট বন্ধ রাখতে হবে )।

১২। **অতিরিক্ত সাজসজ্জা** ।

ক। সেনাকুঞ্জের নির্ধারিত এলাকার বাইরে কোন প্রকার আলোক সজ্জার ব্যবস্থা করা যাবে না। **সেনাকুঞ্জের হলের ভিতরে ও ষ্টেজে থাই মরিচ বাতি এবং পার্কার লাইট ব্যবহার করা যাবে না**। নির্ধারিত এলাকায় অতিরিক্ত আলোকসজ্জার জন্য নিজ ব্যবস্থায় জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করতে হবে।

খ। সাজসজ্জা করার সময় সেনাকুঞ্জের স্থায়ী স্থাপনা কোনভাবে অপসারণ করা যাবে না এবং প্রধান সড়কের উপর প্রতিবন্ধকতা সৃষ্টি করে কোন সাজসজ্জা করা যাবে না। সেনাকুঞ্জের সোফা, চেয়ার, টেবিলসহ কোন আসবাবপত্র হলের বাহিরে ব্যবহার করা যাবে না।

১৩। **খাবারের মেন্যু** ।এলকোহল জাতীয় কোন পানীয় মেন্যুতে অন্তর্ভূক্ত করা বা পরিবেশন করা যাবে না।

১৪। **রন্ধন কার্য্য** ।সেনাকুঞ্জ কুক হাউজ ব্যতীত অন্য কোন স্থানে রান্না বান্না করা সম্পুর্ন নিষেধ। রান্না করা খাবার বহনকারী বাসনপত্র ব্যবহারের সময় মেঝে বা দেয়াল যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

১৫। **ইভেন্ট ম্যানেজমেন্ট, ক্যাটারিং ও কুক হাউজের ব্যবহার** ।

ক। সেনাকুঞ্জে তালিকাভুক্ত ইভেন্ট এবং ক্যাটারিং এর মাধ্যমেই অনুষ্ঠান সম্পন্ন করতে হবে। ইভেন্টের সম্পুর্ন মালামাল অনুষ্ঠান শেষে ঐ দিন রাতেই ০৫.০০ ঘটিকার মধ্যে সেনাকুঞ্জ হতে সরিয়ে নিতে হবে।

খ। ইভেন্টে ম্যানেজমেন্টের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী ৫০,০০০/- হতে ৩,২০,০০০/- টাকা জমা সাপেক্ষে বর্ণিত সময় অনুযায়ী প্রবেশ করতে পারবে।

গ। ব্যবহারকারী সেনাকুঞ্জ ব্যবহার শেষে নিজ দায়িত্বে ভবন এবং পারিপার্শ্বিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন করবেন। অন্যথায় সেনাকুঞ্জে কেয়ারটেকারের সাথে যথাযথ সমন্বয়ের মাধ্যমে নিজ খরচে ব্যবহারকারী এই দায়িত্ব পালন করবেন।

ঘ। সেনাকুঞ্জ ব্যবহারের পূর্বে বাবুর্চীগন তাদের নিজের লোকজনের পূর্ন আবাসিক ঠিকানা মোবাইল নম্বর উল্লেখ পূর্বক দুই কপি নামীয় তালিকা সেনাকুঞ্জে অফিসে প্রদান করবেন। তালিকায় উল্লেখিত লোক ছাড়া বহিরাগত অন্য কাউকে প্রবেশ করতে দেয়া হবে না। সেনাকুঞ্জ ব্যবহারকারী ইহা নিশ্চিত করবেন।

১৬। **নিমন্ত্রণ পত্রের নমুনা জমা**। অনুষ্ঠানের ৩দিন পূর্বে নিমন্ত্রণ পত্রের ৫টি কপি এমপি গেটে পৌছানোর জন্য সেনাকুঞ্জে জমা করতে হবে।

১৭। **অন্যান্য** ।

ক। সেনাকুঞ্জ ব্যবহারকালে বা তার আওতাধীন কোন সামগ্রীর কোনরুপ ক্ষতি সাধিত হলে ব্যবহারকারী উক্ত ক্ষতির জন্য সমুদয় মূল্য পরিশোধ অথবা অনুরুপ সামগ্রী পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন।